



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৪ ফেব্রুয়ারি, ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২৯তম বিশ্ববিদ্যালয় দিবস পালিত

আজ ১লা ফাল্গুন, ১৪২৬ / ১৪ ফেব্রুয়ারি, ২০২০ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২৯তম বিশ্ববিদ্যালয় দিবস পালিত হয়। এ উপলক্ষে সকাল ৯.৩০টায় ভাইস চ্যান্সেলরের প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এবং কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন। সকাল ৯ টা ৪০ মিনিটে ভাইস চ্যান্সেলরের প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ক্যাম্পাসে বঙ্গবন্ধু চত্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। বেলা ১০টায় প্রশাসনিক ভবনের সম্মুখ থেকে ক্যাম্পাসে বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিতে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন।

র্যালি শেষে মুক্তমঞ্চে ভাইস চ্যান্সেলরের প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ সকলকে বিশ্ববিদ্যালয় দিবসের ও ১লা ফাল্গুনের শুভেচ্ছা জানিয়ে বলেন, শাবিপ্রবি বর্তমানে বাংলাদেশের অন্যতম সেরা উচ্চশিক্ষা প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানকে বিশ্বমানে উন্নীত করতে সকলের সহযোগিতা ও এক্যবদ্ধ প্রচেষ্টা প্রয়োজন।

বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন কমিটির সদস্য সচিব রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ, প্রো-ভাইস চ্যান্সেলর ড. মো. মশিউর রহমান, শাবিপ্রবির কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন কমিটির সভাপতি প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, সিডিকেট সদস্য প্রফেসর ড. মো. মস্তাবুর রহমান, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, শিক্ষক সমিতির বিদায়ী সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম এবং শাবিপ্রবি শাখা ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি মো. রুহুল আমীন।

পরে মুক্তমঞ্চে ২৯তম বিশ্ববিদ্যালয় দিবসের কেক কাটা হয়।

স্বাঃ/

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার